# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৮

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ আল্লাহর সন্তুষ্টির জন্য কিছু নিষিদ্ধ কাজ করার ক্ষমতা থাকা সত্তেও যে ব্যক্তি পরিত্যাগ করবে, তার ক্ষেত্রে আশা করা যায় এর মাধ্যমে তার অতীত গোনাহ ক্ষমা করে দেওয়া হবে- এই মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ تَرْكَ الْمَرْءِ بَعْضَ الْمَحْظُورَاتِ لِلَّهِ جَلَّ وَعَلَا عِنْدَ قُدْرَتِه عَلَيْهِ قَدْ يُرْجَى لَهُ بِهِ الْمَغْفِرَةُ لِلْحَوْبَاتِ المتقدمة

---

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ عَنِ الْأَعْمَشِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنِ ابْنِ عُمَرَ قَالَ: سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَكْثَرَ مِنْ عِشْرِينَ مَرَّةً يَقُولُ: (كَانَ ذُو الْكِفْلِ مِنْ بَنِي إِسْرَائِيلَ لَا يَتَوَرَّعُ مِنْ شَيْءٍ فَهَوِيَ امْرَأَةً فَرَاوَدَهَا عَلَى نَفْسِهَا وَأَعْطَاهَا سِتِّينَ دِينَارًا فَلَمَّا جَلَسَ مِنْهَا بَكَتْ وأُرعدت فقَالَ لَهَا: مَا لَكِ؟ فَقَالَتْ: إِنِّي وَاللَّهِ لَمْ أَعْمَلْ هَذَا الْعَمَلَ قَطُّ وَمَا عَمِلْتُهُ إِلَّا مِنْ حَاجَةٍ قَالَ: فَنَدِمَ ذُو الْكِفْلِ وَقَامَ مِنْ غَيْرِ أَنْ يَكُونَ مِنْهُ شَيْءٌ فَأَدْرَكَهُ الْمَوْتُ مِنْ لَيْلَتِهِ فَلَمَّا أَصْبَحَ وَجَدُوا عَلَى بَابِهِ مَكْتُوبًا: إِنَّ اللَّهَ قَدْ غفر لك.)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 388 | خلاصة حكم المحدث: ضعيف.

বাংলা

৩৮৮. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বিশও অধিকবার বলতে শুনেছি, তিনি বলেছেন: “বানী ইসরাঈলের যুল কিফল নামে এক ব্যক্তি কোন গোনাহ থেকে বেঁচে থাকতো না। একবার সে এক নারীর কাছে যায়, তাকে ব্যভিচারের জন্য প্ররোচিত করে এবং তাকে এজন্য ৬০ দীনার প্রদান করে। অতঃপর যখন সে নারীর কাছে বসে, তখন সে কাঁদা শুরু করে এবং সে কাঁপতে থাকে, এটি দেখে যুল কিফল বলে: “তোমার কী হয়েছে?” সে বলে: “আল্লাহর কসম, আমি এমন কাজ কখনই করিনি। আজ একান্ত বাধ্য হয়েই এটা করতে হচ্ছে!” নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “এতে

যুল কিফল অনুতপ্ত হয় এবং কিছু না করেই উঠে চলে যায়। অতঃপর সে রাতে তার মৃত্যু হয়। পরদিন লোকজন যখন সকাল করলো, তখন তার ঘরের দরজায় এই লেখা দেখতে পেলো, “নিশ্চয়ই আল্লাহ তোমাকে ক্ষমা করে দিয়েছেন!”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২৩; তিরমিযী: ২৪৯৬।

হাদীসটির সানাদের ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য‘ঈফ বলেছেন। (আয য‘ঈফা: ৪০৮৩।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88687

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন